

স্মারক নং- এসকেএস/২০/৩৯৮

২৪ মার্চ ২০২০ খৃঃ

### করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধে করণীয়

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশন ও অঙ্গসংগঠন সমূহে কর্মরত সকল কর্মীর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ছে বিধায় সকলকে উক্ত ভাইরাসের সংক্রমণ হতে নিরাপদ থাকার জন্য নিম্নোক্ত পরামর্শ মেনে চলার জন্য বলা হলো।


করণীয় সমূহ:

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে ভাল করে হাত পরিষ্কার করুন (কমপক্ষে ২০ সেকেন্ড)।
- হাঁচি-কাশির সময় টিস্যু/কাপড় ব্যবহার করুন এবং ব্যবহৃত টিস্যু পেপার/কাপড় ঢাকনায়ুক্ত ময়লার পাত্রে ফেলুন ও হাত পরিষ্কার রাখুন।
- সর্দি-কাশি ও জ্বরে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ এড়িয়ে চলুন।
- যত্রতত্র কফ ও থুতু ফেলা থেকে বিরত থাকুন।
- অপরিষ্কার হাত দিয়ে চোখ, নাক ও মুখ স্পর্শ থেকে বিরত থাকুন।
- যে কোন ব্যক্তির সাথে হাত মেলানো/আলিঙ্গন করা থেকে বিরত থাকুন।
- মাংস ও ডিম পর্যাণ্ড তাপমাত্রায় রান্না করুন।
- অপ্রয়োজনীয় বৃহৎ জনসমাগম এড়িয়ে চলুন এবং প্রয়োজনে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন।
- অসুস্থ গৃহপালিত বা অন্য কোন প্রাণীর সংস্পর্শ পরিহার করুন।
- কর্মস্থল ও আশেপাশের এলাকা পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখুন।
- হাত ধোয়ার স্থানে সাবান/স্যানিটাইজার রাখুন।
- উপরোক্ত করণীয় সমূহ নিজে মেনে চলুন এবং পরিবার, প্রোথাম পার্টিসিপ্যান্টস, স্টেকহোল্ডার ও কমিউনিটিতে অন্যদেরকে মেনে চলার জন্য সচেতন/সহায়তা করুন।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-

  
রাসেল আহমেদ লিটন  
নির্বাহী প্রধান।

সংযুক্তি:

- কোভিড-১৯ এর প্রাদুর্ভাব রোধে জনসচেতনতা মূলক তথ্যাবলি (আইইডিসিআর এর ওয়েবসাইট)

অনুলিপি:

- এসকেএস ফাউন্ডেশনের সকল অফিস ও অঙ্গসংগঠন সমূহ